



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋণঅবি-১ সার্কুলার নং- ০৩/২০১৬

তারিখ : ২৫.০২.২০১৬

বিষয় : মেয়াদী প্রকল্প/শিল্প ঋণের কিস্তি নির্ধারণ ও সুদ আরোপ পদ্ধতি।

উপর্যুক্ত প্রাসঙ্গিক বিষয়ে এ বিভাগের ০৪.০৪.২০১১ তারিখের সার্কুলার নং-০৪/২০১১ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারে দীর্ঘ মেয়াদী প্রকল্প ঋণের সুদ ত্রৈমাসিক ভিত্তিতে এবং চক্রবৃদ্ধি হারে আরোপের নির্দেশনা রয়েছে। এ সার্কুলার জারীর পর যে সকল প্রকল্পের পণ্য উৎপাদন/বিক্রয় ঋণাসিক বা বাৎসরিক ভিত্তিতে হয় সে সকল প্রকল্প ঋণের সুদ ত্রৈমাসিক ভিত্তিতে আরোপের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হয়েছে।

০৩। এ সমস্যা নিরসনকল্পে ১১.০২.২০১৬ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৩৮ তম সভায় একটি সারসংক্ষেপ পেশ করা হলে পর্ষদ মেয়াদী প্রকল্প/শিল্প ঋণের কিস্তি নির্ধারণ ও সুদ আরোপ পদ্ধতি নিম্নরূপভাবে অনুমোদন করেন:

- (ক) প্রকল্প/ শিল্প ঋণের ক্ষেত্রে গ্রেস পিরিয়ড হবে ৬ মাস থেকে ১৮ মাস। প্রকল্প বাস্তবায়নের ৬ মাস পর অথবা গ্রেস পিরিয়ডের ৬ মাস পর (যেটি আগে আসে) থেকে ১ম কিস্তি প্রদেয় হবে।
- (খ) প্রকল্পের পণ্য উৎপাদন / বিক্রয় অবস্থা বিবেচনায় ত্রৈমাসিক/ ঋণাসিক/ বাৎসরিক ভিত্তিতে কিস্তি নির্ধারণ করতে হবে।
- (গ) সকল প্রকার মেয়াদী প্রকল্প/ শিল্প ঋণের সুদ বাৎসরিক ভিত্তিতে (জুন ভিত্তিক) আরোপ করতে হবে।
- (ঘ) প্রকল্প নির্মাণকালীন সুদ (IDCP) পৃথক সুদবিহীন হিসাবে সংরক্ষণ করতে হবে এবং উক্ত সুদ ৫টি সমান বার্ষিক কিস্তিতে আদায়যোগ্য হবে।

০৪। এমতাবস্থায় মেয়াদী প্রকল্প/শিল্প ঋণের কিস্তি নির্ধারণ ও সুদ আরোপ পদ্ধতি বিষয়ে উপর্যুক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার পরামর্শ দেয়া হলো। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৫। ইহা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত

(খোন্দকার গোলাম মোস্তফা)

উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/ঋণঅ-১/৪৪/২০১৫-২০১৬/৫৬৩(৪৪৫)

তারিখ : ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ১০। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/ স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক, ঋণিকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। অফিস নথি/মহানথি।

(জগন্নাথ ঘোষ)

সহকারী মহাব্যবস্থাপক